

আঃ বেঁচেছি এখন ।

শর্মা ওদিকে আর নন ।

গোলেমালে ফাঁকতালে পালিয়েছি কেমন ।

লাঠালাঠি কাটাকাটি, ভাবতে লাগে দাঁতকপাটি,  
তাই মানটা রেখে প্রাণটা নিয়ে সটকেছি কেমন -

আহা সটকেছি কেমন ।

আসুক তারা আসুক আগে, দুনোদুনি নেব ভাগে,  
স্যান্ডামিতে আমার কাছে দেখব কে কেমন ।

শুধু মুখের জোরে গলার চোটে, লুট-করা ধন নেব লুটে,  
শুধু দুলিয়ে ভুঁড়ি বাজিয়ে তুড়ি করব সর্গরম ।

আহা করব সর্গরম ।

---

Parjaay: Balmiki-Pratibha, Taal: Tritaal, Raag: Kafi

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail